গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা।

স্মারক নং পিডি/ওইটি ২১/২০০৭/৪৩২(৪)

তারিখ ঃ ০৯-৭-২০০৭ খ্রিঃ

প্রেরক ঃ কারা মহা পরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।

প্রাপক ঃ কারা উপ-মহা পরিদর্শক
সকল বিভাগ
সকল সদর দপ্তর।

বিষয় ঃ বাসা বরাদ্দ নীতিমালা প্রসঙ্গে।

১। কারা বিভাগের সরকারী বাসা বরাদ্দের ব্যাপারে প্রস্তুতকৃত নীতিমালার ছায়ালিপি এতদসংগে প্রেরণ করা হ'ল।

২। প্রনীত নীতিমালার আলোকে অধীনস্থ কারাগার সমূহে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নির্দেশ দিতে আপনাকে অনুরোধ করা যাচ্ছে।

৩। নীতিমালার কপি অধীনস্থ সকল কারাগারে প্রেরণ করার জন্যও অনুরোধ করা যাচ্ছে।

(মোঃ আজমল হোসেন)
সহকারী কারা মহা পরিদর্শক (প্রশাসন)
পক্ষে- কারা মহা পরিদর্শক।

কারা উপ মহা পরিদর্শকের কার্যালয়
চট্টগ্রাম ও সিলেট বিভাগ
সদর দপ্তর, কুমিল্লা।

স্মারক নং-কুম/সার্কুলার-১/২০০৭/ ২৫৫৫ (১৫)

তারিখ- ২০ জুলাই'২০০৭ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক, সিলেট কেন্দ্রীয়/জেলা কারাগার বরাবরে প্রেরণ করা হ'ল।

( মোঃ মকবুল হোসেন )
কারা উপ মহা পরিদর্শক (ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম ও সিলেট বিভাগ
সদর দপ্তর, কুমিল্লা।

স্মারক নং-কুম/সার্কুলার-১/২০০৭/ (১৫)/১

তারিখ- জুলাই'২০০৭ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য কারা মহা পরিদর্শক, বাংলাদেশ, ঢাকা সমীপে প্রেরণ করা হ'ল। এ প্রসঙ্গে ঐ দপ্তরের স্মারক নং-পিডি/ওইটি-২১/২০০৭/৪৩১(৪) তারিখ-০৯/০৭/২০০৭ ইং উল্লেখ্য।

//
( মোঃ মকবুল হোসেন )
কারা উপ মহা পরিদর্শক (ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম ও সিলেট বিভাগ
সদর দপ্তর, কুমিল্লা।

## কারা বিভাগে কর্মচারীদের জন্য সরকারী বাসা বরাদ্দের নীতিমালা ঃ

১। • সরকারী বাসা বরাদ্দের জন্য একটি কমিটি থাকবে। কমিটি হবে নিম্নরূপ ঃ

কারা অধিদপ্তরের জন্য-

১। অতিরিক্ত কারা মহা পরিদর্শক- সভাপতি।

২। কারা উপ মহা পরিদর্শক (সদর দপ্তর)- সদস্য সচিব।

৩। সহকারী কারা মহা পরিদর্শক (প্রশাসন)- সদস্য।

৪। প্রশাসনিক কর্মকর্তা- সদস্য।

বিভাগীয় দপ্তরের জন্য-

১। কারা উপ মহা পরিদর্শক- সভাপতি।

২। উচ্চমান সহকারী সদস্য সচিব।

৩। অফিস সহকারী সদস্য।

কারাগারের জন্য-

১। সিনিয়র তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক- সভাপতি।

২। জেলার সদস্য সচিব।

৩। ১× ডেপুটি জেলার- সদস্য।

৪। ১× প্রধান কারারক্ষী- সদস্য।

৫। ১× জ্যেষ্ঠ কারারক্ষী- সদস্য।

২। বাসা বরাদ্দের সময় কমিটি নিম্নের বিষয় সমূহ বিবেচনা করবে ঃ

ক। বাসা নিতে আগ্রহী সরকারী কর্মকর্তা/কর্মচারীর চাকুরীর বয়স কমপক্ষে ৫(পাঁচ) বছর হতে হবে। তবে বিশেষ পরিস্থিতিতে এ বিষয় শিথীল করা যেতে পারে।

খ। চাকুরী স্থলে ষ্টেশন সিনিয়রিটি অনুসারে বাসা বরাদ্দ করতে হবে। এ ক্ষেত্রে আবেদনের তারিখ হতে বাসা প্রাপ্তির সিনিয়রিটি নির্ধারিত হবে।

গ। একজন বাসা বরাদ্দের তারিখ হতে সর্বোচ্চ ০২(দুই) বছর পর্যন্ত উক্ত বাসায় অবস্থান করতে পারবে। তবে আবেদনের প্রেক্ষিতে কমিটির বিশেষ বিবেচনায় সর্বোচ্চ আরও ১ বছর বরাদ্দ দেয়া যেতে পারে।

নোট ঃ ঢাকা কেন্দ্রীয় কারাগারের মোট বাসার ২০% (কারা অধিদপ্তর সংলগ্ন) কারা অধিদপ্তর ও ঢাকা বিভাগীয় দপ্তরের জন্য নির্দিষ্ট থাকবে।

(স্বাক্ষর) ..০৭


মোঃ আশরাফুল ইসলাম খান
কর্ণেল
অতিরিক্ত কারা মহা পরিদর্শক
পক্ষে-কারা মহা পরিদর্শক।

house sanction policy

## পুরুষ কারা কর্মকর্তাবৃন্দের পোশাকের নমুনা ঃ

১। শার্ট (হাফ হাতা) ঃ ডিপগ্রীন রংয়ের এবং নিম্নোক্ত ধরনের শার্ট তৈরী হবে। শার্টের সামনের ভাগে সমান দূরত্বে বোতাম ঘর সহ (বোতাম ঘর কলারকেও অন্তর্ভূক্ত করবে) খোলা থাকবে। প্রতিটি পকেটের দৈর্ঘ্য ১৪.৫ সেঃমিঃ এবং প্রস্থ ১৩.৫ সেঃমিঃ। পকেটে ৬.০ সেঃমিঃ প্রশস্ত ঢাকনা থাকবে। শার্টে উভয় কাধে শোল্ডার থাকবে এবং শোল্ডারের বাহুমূল ৬.০ সেঃমিঃ এবং অপর প্রান্ত ৩.৮ সেঃমিঃ চওড়া হবে। হাফ হাতা শার্টের বাহুর শেষ প্রান্তে ৩.৮ সেঃমিঃ চওড়া কাপড়ের ভাজ থাকবে। সমান দূরত্বে মোট ৬টি বোতাম থাকবে।


শার্ট (হাফ হাতা) চিত্র





২। প্যান্ট ঃ

(ক) ডেপুটি জেলার ও তদুর্ধ কারা কর্মকর্তাগন ৮ লুপ (টাইপ- ক) ও ৩ লুপ (টাইপ-খ) বিশিষ্ট এবং প্যান্টের দুই ধারে দুটি পকেট এবং পিছনে ডান পার্শে একটি পকেট সম্বলিত ডিপ গ্রীন রংয়ের প্যান্ট পরিধান করবেন

টাইপ (ক) চিত্র




টাইপ (খ) চিত্র




## মহিলা কারা কর্মকর্তাবৃন্দের পোশাকের নমুনা ঃ

১। শার্ট (হাফ হাতা) : সম্মুখে চারটি পকেট বিশিষ্ট ডিপগ্রীণ এর টিসি কাপড়ের শার্ট তৈরী হবে। শার্টের সামনের ভাগে সমান দূরত্বে বোতাম ঘর সহ (বোতাম ঘর কলারকেও অন্তর্ভূক্ত করবে) খোলা থাকবে। প্রতিটি পকেটের দৈর্ঘ্য ১৫.০ সেঃমিঃ এবং প্রস্থ ১৩ সেঃমিঃ। পকেটে ৬.০ সেঃমিঃ প্রশস্ত ঢাকনা থাকবে। নীচের অংশে আরও দুইটি পকেট থাকবে। এই পকেটের দৈর্ঘ্য ১৮.০ সেঃমিঃ এবং প্রস্থ ১৫.৫ সেঃমিঃ। পকেটে ৬.০ সেঃমিঃ প্রশস্ত ঢাকনা থাকবে। শার্টে উভয় কাধে শোল্ডার থাকবে এবং শোল্ডারের বাহুমূল ৬.৩ সেঃমিঃ এবং অপর প্রান্ত ৩.৮ সেঃমিঃ চওড়া হবে। হাফ স্লিভ শার্টের বাহুর শেষ প্রান্তে ৩.৮ সেঃমিঃ চওড়া কাপড়ের ভাজ থাকবে। সমান দূরত্বে মোট ৬টি বোতাম থাকবে।


শার্ট (হাফ হাতা) চিত্র





২। প্যান্ট : উভয় পার্শ্বে পকেট বিশিষ্ট ডিপ গ্রীন রংয়ের টিসি কাপড়ের প্যান্ট তৈরী হবে ।

প্যান্ট (ঢিলেঢালা) চিত্র



# পোশাক পরিধান সংক্রান্ত নির্দেশনা

এই নির্দেশনা ডেপুটি জেলার হতে উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দের জন্য প্রযোজ্য হবে।

| | | | |
|---|---|---|---|
| ১। | শার্ট | ঃ | নিয়ন্ত্রিত নমুনার শার্ট গ্রীষ্ম কালে হাফ স্লিভ এবং শীত কালে ফুল স্লিভ |
| ২। | প্যান্ট | ঃ | টাইপ (খ) সপ্তাহের প্রতি রবি এবং বৃহস্পতিবার পরিধান করতে হবে |
| | | | টাইপ (ক) সপ্তাহের অন্যান্য কর্ম দিবসে পরিধান করতে হবে। |
| ৩। | বেল্ট | ঃ | টাইপ (খ) প্যান্টের সাথে বাকল্স যুক্ত নাইলনের বেল্ট হবে। |
| | | | টাইপ (ক) প্যান্টের সাথে বাকল্স যুক্ত চামড়ার বেল্ট হবে। |
| ৪। | স্যু | ঃ | টাইপ (ক) প্যান্টের সাথে স্যু হবে। |
| ৫। | বুট ডিএমএস | ঃ | টাইপ (খ) প্যান্টের সাথে বুট রোল আপ করে পরিধান করতে হবে। |
| ৬। | ক্যাপ ব্যারেট | ঃ | নিয়মিত পোশাকের সাথে ক্যাপ ব্যারেট পরিধান করতে হবে। |
| ৭। | এ্যাপোলেট | ঃ | সপ্তাহের প্রতি রবি এবং বৃহস্পতিবার পরিধান করতে হবে |
| ৮। | মেটালিক র‌্যাংক ব্যাজ | ঃ | সপ্তাহের অন্যান্য কর্ম দিবসে পরিধান করতে হবে। |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।
www.prison gov.bd

পত্র নং- ৪৪.০৭.০০০০.০২৪.০৩.০০৬.১৬- ০২ (৮০)

তারিখঃ ২৯ পৌষ'১৪২২ বঙ্গাব্দ
১৩ জানুয়ারি'২০১৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ পোশাক সংক্রান্ত নির্দেশনা।

অত্যন্ত আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, "কারা অধিদপ্তরের পোশাক নীতিমালা" সংক্রান্ত সভায় সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধিন সকল ইউনিফর্মধারী সংস্থার প্রধান/প্রতিনিধির উপস্থিতিতে কারা মহাপরিদর্শক হতে কারারক্ষি পর্যন্ত ১২স্তরের কারা কর্মচারিদের জন্য নতুন র‍্যাংক ব্যাজ সহ বিভাগীয় পোশাক গত ৩১.১২.২০১৫ খ্রিঃ তারিখে অনুমোদিত হয়েছে। আসন্ন কারা সপ্তাহের উদ্বোধনী অনুষ্ঠানে **মাননীয় প্রধানমন্ত্রী কারা মহাপরিদর্শককে** আনুষ্ঠানিকভাবে নতুন র‍্যাংক ব্যাজ পরিয়ে দিবেন মর্মে আশা করা যাচ্ছে। উক্ত অনুষ্ঠানে বিভাগীয় পোশাক পরিহিত অবস্থায় উপস্থিত থাকতে হবে বিধায় সকল কারা উপ মহাপরিদর্শক, সিনিয়র জেল সুপার এবং জেল সুপারগণকে নিম্নোক্ত নির্দেশনুসারে পোশাক প্রস্তুতপূর্বক "কারা সপ্তাহ ২০১৬" উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত হতে বলা হলো ঃ-

ক। সংযুক্ত নমুনা অনুসারে একটি ফুল স্লিভ শার্ট ও একটি প্যান্ট তৈরী করতে হবে। পোশাকের রং ও শেড যেন একই ধরনের হয় সে লক্ষ্যে এক সেট পোশাকের জন্য ডিপগ্রীণ কাপড় প্রিজন্স সিকিউরিটি ইউনিট এর তত্ত্বাবধানে কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রেরণ করা হবে।

খ। পোশাকের অন্যান্য সজ্জা যেমন- র‍্যাংকব্যাজ, বেল্ট, ডিভ সাইন, নেমপ্লেট, আইডিকার্ড, ইত্যাদি কেন্দ্রীয়ভাবে সংগ্রহের ব্যবস্থগ্রহণ করা হয়েছে। এ সংক্রান্ত খরচের হিসাব পরবর্তীতে অবগত করা হবে।

গ। অক্সফোড সু এবং কালো মোজা প্রত্যেকে নিজেরাই স্থানীয় বাজার থেকে সংগ্রহ করবেন।

ঘ। প্রজ্ঞাপন প্রাপ্তির পর নতুনভাবে পোশাকধারী কর্মচারির প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গৃহীত হবে।

সংযুক্ত ঃ ক। পোশাক পরিধান সংক্রান্ত নির্দেশনা ০১ পাতা।
খ। পোশাকের নমুনা ০২ পাতা।
| প্রত্যেক কারা উপ মহাপরিদর্শকের দপ্তর ও কারাগারের মেইল ঠিকানায় প্রেরিত হয়েছে।

১৩/১/১৬
(এ, কে, এম, ফজলুল হক)
কারা উপ মহাপরিদর্শক (সদর দপ্তর)
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোনঃ ৭৩০০৪০০ (দপ্তর)
prison_dte@yahoo.com

১। কারা উপ মহাপরিদর্শক, সদর দপ্তর, কারা অধিদপ্তর, ঢাকা।
২। কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
৩। সিনিয়র তত্ত্বাবধায়ক/কারা তত্ত্বাবধায়ক, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।
৪। সহকারি কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স সিকিউরিটি ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

স্মারক সংখ্যা-৪৪.০৭.০০০০.০২২.১২.০১৮.১৬-৬২৭ (৭৬)

তারিখ ঃ ০২ আষাঢ়/১৪২৩ বঙ্গাব্দ
১৬ জুন ২০১৬ খ্রিস্টাব্দ

**বিষয় ঃ সরকার ঘোষিত নারী উন্নয়ন নীতিমালা-২০১১ দেশের কারাগার সমূহে বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত প্রতিবেদন প্রেরণ প্রসংগে ।**

সরকার ঘোষিত নারী উন্নয়ন নীতিমালা-২০১১ দেশের কারাগার সমূহে বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত প্রতিবেদন সরকারের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

১. পারিবারিক মূল্যবোধ বৃদ্ধি ও সামাজিক অবক্ষয় রোধে নারীর ভূমিকা সম্পর্কে সচেতন করা হচ্ছে।
২. শিক্ষিত নারী বন্দিদের দ্বারা অশিক্ষিত নারী বন্দিদের অক্ষরজ্ঞান ও ধর্মীয় শিক্ষা প্রদান করা হচ্ছে।
৩. অসহায়, দুস্থ ও গরীব মহিলা বন্দিদের বিনা খরচে লিগ্যাল এইড/সরকারী উকিল নিয়োগের মাধ্যমে মামলা পরিচালনায় সহায়তা প্রদান করা হচ্ছে।
৪. কর্মক্ষেত্রে যাতে নারীরা যৌন হয়রানির শিকার না হয় সে ব্যাপারে কঠোর নজরদারী করার নির্দেশনা প্রদান করা হচ্ছে।
৫. প্রশিক্ষণ প্রাপ্ত নারী বন্দিদের ভবিষ্যৎ জীবনে স্বনির্ভরতা অর্জনের লক্ষ্যে বিভিন্ন প্রকার সরঞ্জামাদি ক্রয়ের জন্য সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক বিশেষ ভাতা, নগদ অর্থ এবং সরঞ্জামাদির ব্যবস্থা করা হয়ে থাকে।
৬. নারী উন্নয়ন ও নারী অধিকারের স্বপক্ষে প্রণীত দেশীয় আইন ও আন্তর্জাতিক আইনের বিষয়ে ধারনা প্রদান করা হচ্ছে।
৭. কারাগারে কর্মরত মহিলা কর্মকর্তা/কর্মচারিদের প্রতি ইতিবাচক মনোভাব পোষন করা হয়ে থাকে। বিশেষতঃ তারা যেন কর্মক্ষেত্রে কোনরুপ বৈষম্যের শিকার না হয় সে দিকে সজাগ দৃষ্টি রাখা হচ্ছে।
৮. কারাগারে আটক নারী বন্দিরা যাতে কারাগার হতে বের হয়ে সমাজে পুনর্বাসিত হতে পারে সে লক্ষ্যে তাদেরকে কারাভ্যন্তরে বিউটি পার্লার প্রশিক্ষণ কোর্স করানো হচ্ছে এবং সমাজসেবা অধিদপ্তর হতে প্রশিক্ষক নিয়োগের মাধ্যমে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।
৯. কারাভ্যন্তরে কর্মমূখী শিক্ষার সুযোগ সৃষ্টির লক্ষ্যে মহিলা বন্দিদের সেলাই কার্যক্রমের (যেমন-বুটিক, বাটিক, নকশিকাঁথা ইত্যাদি) প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।
১০. নারীদের গণশিক্ষা, ধর্মীয় পাঠদান ও মেডিটেশন কার্যক্রম প্রদান করা হচ্ছে।
১১. সাংস্কৃতি প্রোগ্রামের প্রশিক্ষণ (যেমন- অভিনয়, নৃত্য, গান শেখানো, মুকাভিনয় ইত্যাদি) প্রদান করা হচ্ছে।
১২. কারাগারে আটক মহিলা বন্দীদের জেল কোডের বিধান অনুযায়ী পুরুষ বন্দীদের ন্যায় মৌলিক সুযোগ-সুবিধা প্রদান করা হচ্ছে। তাছাড়া বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে পুরুষ বন্দির মত তাদের পূনর্বাসনের ব্যবস্থাও করা হচ্ছে।
১৩. কারাগারে আটক মহিলা বন্দিদের সাথে তাদের আত্মীয়-স্বজনদের দেখা সাক্ষাৎ অগ্রাধিকার ভিত্তিতে আলাদাভাবে নিশ্চিত করা হচ্ছে।
১৪. কারাগারে আটক মহিলা বন্দিদের মানবাধিকার ও মৌলিক অধিকারের প্রতি সর্বোচ্চ গুরুত্ব দেয়া হচ্ছে।
১৫. কারাগারে আটক মা বন্দিদের সাথে অবস্থানরত শিশুদের অধিকার জেল কোড অনুযায়ী নিশ্চিত করা হচ্ছে।
১৬. কারাগারে আটক নারী বন্দিদের মানসিক উন্নয়নের জন্য সাপ্তাহিক প্রেষণা ও প্রণোদনামূলক বক্তব্য প্রদানের ব্যবস্থা করা হচ্ছে।
১৭. আদালতে হাজিরা প্রদানের সময় নারী বন্দিদেরকে পুরুষ বন্দি থেকে পৃথক করে নেয়া হচ্ছে।
১৮. কারাগারে আটক নারী বন্দি এবং কর্মরত নারী কর্মকর্তা/কর্মচারীদের প্রতি যাতে সৌজন্যমূলক আচরণ করা হয় সে বিষয়ে সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা হয়ে থাকে।
১৯. বাসা বরাদ্দের ক্ষেত্রে মহিলা কর্মকর্তা/কর্মচারিদেরকে অগ্রাধিকার দেয়া হয়ে থাকে।
২০. মায়ের সাথে কারাগারে আটক শিশুদের ডে-কেয়ার সেন্টারের মাধ্যমে বিনোদন, শিক্ষা, চিকিৎসা, পরিচর্যা ও মানসিক বিকাশে সহায়তা করা হচ্ছে।
২১. মাসিক দরবার আয়োজন করে মহিলা বন্দিদের বিভিন্ন ধরনের অভাব, অভিযোগ ও পরামর্শ আমলে নিয়ে তাৎক্ষণিক/পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।
২২. মহিলা ষ্টাফদের জন্য আলাদা প্রসাধনী কক্ষ এবং প্রার্থনা কক্ষের ব্যবস্থা করা হয়েছে।

এ, কে, এম, ফজলুল হক
কারা উপ-মহাপরিদর্শক (সদর দপ্তর)
পক্ষে- কারা মহাপরিদর্শক
ফোনঃ ৫৭৩০০৪০০ (দপ্তর)।
prison_dte@yahoo.com

সিনিয়র সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃঃ আঃ অতিরিক্ত সচিব, কারা।

**অনুলিপিঃ**

১। কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
২। সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।
} সরকার ঘোষিত নারী উন্নয়ন নীতিমালা-২০১১ কারাগার সমূহে বাস্তবায়ন সমুন্নত রাখার জন্য অনুরোধ করা হলো।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জেল শাখা-১

নং স্বঃমঃ১ম-০৩/২০০৬(জেল-১)-৬৭ঃ তারিখ- ১৮ অক্টোবর,২০০

বিষয়ঃ- জেল কোড সংশোধনের প্রস্তাব মন্ত্রিসভায় চূড়ান্ত অনুমোদন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে,জেলকোড সংশোধনী প্রস্তাবটি সরক নিম্নলিখিত শর্তসহ চূড়ান্তভাবে অনুমোদন করেছে ঃ

১। Jail Code Rules এর যে সকল সংশোধন বা সংস্কার সম্পর্কিত বিধান আইনের সহিত সংশ্লিষ্ট নয় সেগুলি অবিলম্বে কার্যকর করতে হবে।

২। Jail Code Rules এর যে সকল সংশোধন বা সংস্কার সম্পর্কিত বিধা বিভিন্ন আইনের সাথে সংশ্লিষ্ট প্রথমে উক্ত আইন/আইনসমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় ব আইন,বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাথে পরামর্শক্রমে,সংশোধন করার উদ্যোগ গ্রহন করে পর্যায়ক্রমে সংশোধিত বিধানসমূহ কার্যকর করতে হবে।

৩। Jail Code Rules এর বাংলা ভাষায় একটি অনুবাদ প্রকাশ করার ব গ্রহণ করতে হবে।

৪। Jail Code Rules এর পদ সৃজনসহ অন্যান্য যে সকল বিষয়ে সরকা আর্থিক সংশ্লেষ রয়েছে সে সকল বিষয়ে অর্থ বিভাগ ও সংস্থাপন মন্ত্রণালয়ের স পরামর্শ গ্রহণ ও প্রচলিত নিয়মনীতি অনুসরণক্রমে,পর্যায়ক্রমে বাস্তবায়ন করতে হবে

২। এমতাবস্থায়,এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল

স্বাক্ষরিত/-
( আবু ছালেহ মোহাম্মদ ফেরদৌস খান
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ-৭১৬০৫৩৭

কারা মহা পরিদর্শক
কারা অধিদপ্তর
ঢাকা।
সদয় অবগতিঃ
----------
১। মাননীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রীর একান্ত সচিব,স্বরাষ্ট্র মন্ত্রণালয়,ঢাকা।
২। সচিবের একান্ত সচিব,স্বরাষ্ট্র মন্ত্রণালয়,ঢাকা।

কারা অধিদপ্তর,ঢাকা।
--------------

স্মারক নং পিডি/এমইটি-৫/২০০৬/ ১১৭৪/(৬৬) তারিখঃ- ২৮/১১ / ২

অনুলিপি সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হ'ল ঃ-

কারা উপ-মহা পরিদর্শক,সকল বিভাগ,সকল বিভাগীয় কার্যালয়।
সিনিয়র তত্ত্বাবধায়ক,সকল কেন্দ্রীয় কারাগার।
তত্ত্বাবধায়ক,সকল জেলা কারাগার।

স্বা/- ২৮/১১/০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র সংখ্যা-৪৪.০৭.০০০০.০২৪.০২.০০৭.১৩-৬২৩(১০০)

তারিখ ঃ ২৩ কার্তিক ১৪২০ বঃ
০৭ নভেম্বর ২০১৩ খ্রিঃ

অনুলিপি কার্যার্থে ঃ

১। কারা উপ-মহাপরিদর্শক, সদর দপ্তর, কারা অধিদপ্তর, ঢাকা।
২। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
৩। সিনিয়র তত্ত্বাবধায়ক, সকল কেন্দ্রীয় কারাগার।
৪। সহকারি কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৫। কারা তত্ত্বাবধায়ক, সকল জেলা কারাগার।
৬। পরিচালক, কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কারা নিরাপত্তা শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
৮। প্রশাসনিক কর্মকর্তা/বাজেট অফিসার/পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা।
৯। কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক মহোদয়ের ব্যক্তিগত সহকারি, কারা অধিদপ্তর, ঢাকা।
১০। ভারপ্রাপ্ত শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।

(এ,কে,এম জহির উদ্দিন বাবর)
সহকারি কারা মহাপরিদর্শক(প্রশাসন)
পক্ষে কারা মহাপরিদর্শক
ফোনঃ ৭৩০০৪৬৬(দপ্তর)।

সদয় জ্ঞাতার্থেঃ-
সিনিয়র সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃঃ আঃ উপ-সচিব (কারা-১ অধিশাখা)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
কারা-১ অধিশাখা

পত্র সংখ্যা-৪৪.০০.০০০০.০২৩.০৭.০০১.২০১৩- ৩৪৬ তারিখ ঃ ২২ কার্তিক ১৪২০ বঙ্গাব্দ / ০৬ নভেম্বর ২০১৩ খ্রিঃ

প্রজ্ঞাপন

কারা অধিদপ্তরকে কারা বিভাগের পরিচিতি, গৌরব ও মর্যাদা প্রতিষ্ঠার জন্য নিজস্ব পতাকা ব্যবহারে আদিষ্ট হয়ে অনুমতি প্রদান করা হলো।

১। এ পতাকা কারা অধিদপ্তর ও তার অধীনস্থ অফিস সমূহে ব্যবহার করতে পারবে।

২। পতাকার আয়তন এবং বর্ণনাঃ

(ক) **পতাকার পরিমাপ ঃ** কারা বিভাগের পতাকার দৈর্ঘ্য ও প্রস্থ অনুপাত ১০ঃ৬ এবং দৈর্ঘ্য, প্রস্থ এবং বৃত্তের ব্যাসার্ধের অনুপাত ৫ঃ৩ঃ১।

(খ) **পতাকার রং ঃ** গাঢ় সবুজ আয়তক্ষেত্রের মধ্যে রূপালী রং এর কারা বিভাগের বৃত্তাকার মনোগ্রাম।

(গ) **মনোগ্রাম ঃ** বৃত্তাকার মনোগ্রামের উভয় পার্শ্বে পাট পাতা (মাঝে শিরদাঁড়ার উভয়পার্শ্বে চৌদ্দটি পাতা) বেষ্টিত পানির স্রোতের মধ্যে ভেসে চলা নৌকা (মাঝে একটি মাস্তুল সম্বলিত পালতোলা, ছইসহ নৌকা) তার উপরিভাগে প্রস্ফুটিত জাতীয় ফুল শাপলা এবং নীচে "বিডিজে" লিখিত।

৩। সূর্যোদয় হতে সূর্যাস্ত পর্যন্ত পতাকা উত্তোলিত থাকবে।

৪। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
০৬/১১/২০১৩
সালমা বেগম
উপ সচিব
ফোন ঃ ৯৫৫০০১৭

পত্র সংখ্যা-৪৪.০০.০০০০.০২৩.০৭.০০১.২০১৩-৩৪৬/১(৬) তারিখ ঃ ০৬/১১/২০১৩ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
২। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা *(প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।*
৩। কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সিনিয়র তত্ত্বাবধায়ক/কারা তত্ত্বাবধায়ক, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।
৬। গার্ড ফাইল।

০৬/১১/২০১৩
সালমা বেগম
উপ সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩, উমেশদত্ত রোড, বকশিবাজার, ঢাকা।
www.prison.gov.bd

স্মারক নং - ৪৪.০৭.০০০০.০২৯.০৬.০০৯.২০১৫- ৪১০ (৮০)

তারিখ ঃ ২৫ পৌষ/১৪২১
০৮ জানুয়ারি/ ২০১৫

বিষয় ঃ **সরকারি গাড়ীর যন্ত্রাংশ পরিবর্তন ও মেরামত কাজের বিবরণ লগ বইতে লিপিবদ্ধকরণ প্রসংগে।**

১। লক্ষ্য করা যাচ্ছে যে, আপনার দপ্তর/কারাগারে ব্যবহৃত সরকারি গাড়ীর (মোটর সাইকেলসহ) যেকোন যন্ত্রাংশ পরিবর্তন/মেরামতের বিষয়টি 'লগ বই'-তে যথাযথভাবে সংরক্ষণ করা হচ্ছে না।

২। এমতাবস্থায়, আপনার দপ্তর/কারাগারে ব্যবহৃত সরকারি গাড়ীর (মোটর সাইকেলসহ) যেকোন যন্ত্রাংশ পরিবর্তন/মেরামত সংক্রান্ত কাজের বিবরণ তারিখসহ সুস্পষ্টভাবে 'লগ বই'-তে লিপিবদ্ধ করতঃ উপযুক্ত কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষর পূর্বক যথাযথভাবে সংরক্ষণের জন্য অনুরোধ করা হলো।

৩। অধিকন্ত, সরকারি গাড়ীর (মোটর সাইকেলসহ) যেকোন যন্ত্রাংশ পরিবর্তন/মেরামত কাজের জন্য অর্থ বরাদ্দের প্রস্তাব প্রেরণকালে অন্যান্য রেকর্ড/কাগজপত্রের সাথে 'লগ বই' এর সংশ্লিষ্ট অংশের সত্যায়িত ছায়ালিপি প্রেরণের জন্যও অনুরোধ করা হলো।

০৮/০১/২০১৫
( এ,কে,এম জহির উদ্দিন বাবর)
সহকারি কারা মহা পরিদর্শক(অর্থ)
পক্ষে-কারা মহা পরিদর্শক।
ফোন-৭৩০০৫১৪ (দপ্তর)।

১। কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
২। সিনিয়র জেল সুপার, সকল কেন্দ্রিয় কারাগার।
৩। জেল সুপার, সকল জেলা কারাগার।
৪। সহকারি কারা মহাপরিদর্শক (প্রশাসন), কারা অধিদপ্তর, ঢাকা।
৫। প্রশাসনিক কর্মকর্তা, কারা অধিদপ্তর, ঢাকা।
৬। শাখা প্রধান, প্রশাসন/অডিট শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।

Sanc. (4883)

২৮৬০ ৩০/১১/০৬

চিঠি প্রেরিত।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
কারা-শাখা-২।

নং-স্বম(কারা-২)বিবিধ-১১/২০০৫/১০২ তারিখ - ০৬/০৮/২০০৬

বিষয় : ২০০৩ সনের ১১ নং আইনে The Code of Criminal Procedure 1898 (Act 5 of 1898) সংশোধন সম্পর্কিত।

সূত্র : নং-পিডি/পরি-১০/২০০৬/১০৮৪ তাং-১২/৭/২০০৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে তাঁর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোন আইনে ইহার কার্যকারিতার তারিখ উল্লেখ না থাকলে আইনটি গেজেটে প্রকাশিত হইবার তারিখ থেকে কার্যকর হয়। অতএব ২০০৩ সনের ১১ নং আইনটি গেজেটে প্রকাশের তারিখ থেকেই কার্যকর হয়েছে। উক্ত আইনটি কার্যকর হওয়ার পূর্বে দন্ডপ্রাপ্ত কোন আসামীকে এই আইনের সুবিধা প্রদানের কোন সুযোগ নেই।

স্বাক্ষরিত/-
(আবু ছালেহ মোহাম্মদ ফেরদৌস খান)
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৭১৭১৭০৩

কারা মহা পরিদর্শক
কারা অধিদপ্তর, ঢাকা।

"কারা অধিদপ্তর"
ঢাকা।

---

স্মারক নং-পিডি/পরি-১০/২০০৬/ ১২১৭ (৭০) তাং- /৮/০৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহনের জন্য এ অধিদপ্তরের স্মারক নং-পিডি/পরি-১০/০৬/৩০০(১৫০) তাং-২৮ ফেব্রুয়ারী ২০০৬ এর অনুক্রমিকে অনুলিপি প্রেরন করা হ'ল।

মোঃ সিরাজুল করিম
কর্নেল
অতিঃ কারা মহা পরিদর্শক
পক্ষে- কারা মহা পরিদর্শক।

১। কারা উপ-মহা পরিদর্শক,
সকল বিভাগ, সকল সদর দপ্তর।

২। সিনিয়র তত্ত্বাবধায়ক,
সকল কেন্দ্রীয় কারাগার।

৩। তত্ত্বাবধায়ক,
সকল জেলা কারাগার।

২০১
২৭।৪।১০

অতিরিক্ত সচিব
যুগ্ম-সচিব (রাজনৈতিক / পুলিশ / আনসার)
অতিরিক্ত সচিব
যুগ্ম-সচিব (প্রশাসন/আইন ও পরি/মিডিয়া ও বহি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন
ঢাকা

পত্র সংখ্যা ৩২.৬৪.১৬.০০.০০.০১.২০১০(অংশ)-৯৩(৪৯)

তারিখ : ০৯ বৈশাখ, ১৪১৭
২২ এপ্রিল,২০১০

## পরিপত্র

বিষয়ঃ বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়কে "অগ্রাধিকার প্রাপ্ত মন্ত্রণালয়" হিসেবে ঘোষনা এবং অত্র মন্ত্রণালয়ের প্রস্তাবসমূহ "বিদ্যুৎ ও জ্বালানী নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার" হিসেবে গণ্য করা।

দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নে বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদের গুরুত্ব অপরিসীম। বর্তমানে প্রায় ৫৫০০ মেগাওয়াট বিদ্যুৎ চাহিদার বিপরীতে দৈনিক গড়ে ৩৮০০-৪২০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হচ্ছে। অন্যদিকে বিদ্যমান খনিজ সম্পদের মধ্যে অন্যতম প্রাকৃতিক গ্যাসের ক্রমবর্ধমান চাহিদার প্রেক্ষিতে এ ক্ষেত্রে ঘাটতি পরিস্থিতি সৃষ্টি হয়েছে।

এ প্রেক্ষাপটে একদিকে ক্রমবর্ধমান হারে বিদ্যুৎ চাহিদা বৃদ্ধির কারণে দ্রুত বিদ্যুৎ উৎপাদন বাড়ানোর জন্য বিদ্যুৎ খাতে গৃহীত মহাপরিকল্পনার আওতায় বিভিন্ন প্রকল্প/কর্মসূচী গ্রহণ করা হয়েছে। অন্যদিকে এখন থেকেই সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে গ্যাসের প্রমানিত মজুদের পরিমান বাড়ানোসহ জ্বালানী নিরাপত্তার জন্য কার্যকরী পদক্ষেপ অতি দ্রুততার সাথে গ্রহণ অপরিহার্য হয়ে পড়েছে।

বিদ্যুৎ বিভাগ কর্তৃক গৃহীত মহাপরিকল্পনার দ্রুত ও সুষ্ঠু বাস্তবায়ন এবং বিদ্যমান জ্বালানী সংকট তথা গ্যাস সরবরাহের ঘাটতি মোকাবেলা ও ভবিষৎ জ্বালানী নিরাপত্তা নিশ্চিত করার জন্য এ মন্ত্রণালয় সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ ও সংস্থার সর্বাত্মক সহযোগিতা প্রয়োজন। তদ্‌প্রেক্ষিতে বিদ্যুৎ, জ্বালানী ও খানিজ সম্পদ মন্ত্রণালয়কে "অগ্রাধিকার প্রাপ্ত মন্ত্রণালয়" হিসেবে ঘোষনার একটি প্রস্তাব মাননীয় প্রধানমন্ত্রী সদয় অনুমোদন করেছেন।

বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়কে "অগ্রাধিকার প্রাপ্ত মন্ত্রণালয়" হিসেবে ঘোষনা করার প্রেক্ষিতে এ মন্ত্রণালয়াধীন বিদ্যুৎ বিভাগ এবং জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক বিদ্যুৎ উৎপাদন ও সরবরাহ বৃদ্ধি,গ্যাস উৎপাদন ও সরবরাহ সংক্রান্ত বিষয়ে প্রেরিত সংশ্লিষ্ট প্রস্তাব/পত্র সমূহ " বিদ্যুৎ ও জ্বালানী নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার" হিসেবে গন্য করে অতি জরুরী ভিত্তিতে নিস্পত্তি কল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাকে অনুরোধ করা হ'ল।

৯৬৭
২৮/৪/১০

৫৪

(মোল্লা ওয়াহেদুজ্জামান)
সচিব
ফোন : ৮১৫৫৫০০
Secy@pmo.gov.bd

অনুলিপি কার্যার্থে ও জ্ঞাতার্থে :

০১। মন্ত্রিপরিষদ সচিব,মন্ত্রিপরিষদ বিভাগ,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

০২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়,ঢাকা।

০৩। সচিব/ভারপ্রাপ্ত সচিব(সকল) স্বরাষ্ট্র মন্ত্রণালয়/বিভাগ,ঢাকা।

E:\Director-5\Power division\Letter-10.doc